# বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১

( ২০২১ সনের ১৯ নং আইন )

**শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণ এবং এতদ্‌বিষয়ে গবেষণা ও উচ্চশিক্ষা সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠার জন্য প্রণীত আইন**

যেহেতু বাংলাদেশে শিশুর শারীরিক ও মানসিক স্বাস্থ্য সেবার মানোন্নয়ন, নিশ্চিতকরণ এবং এতদ্‌বিষয়ে গবেষণা ও উচ্চশিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউট স্থাপন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট আইন, ২০২১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-

(১) ‘ইনস্টিটিউট’ অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম পরিচালনাকারী ইউনিট;

(২) ‘একাডেমিক কাউন্সিল’ অর্থ ধারা ১১ এর অধীন গঠিত একাডেমিক কাউন্সিল;

(৩) ‘‘একাডেমিক কো-অর্ডিনেটর’’ অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের একাডেমিক কো-অর্ডিনেটর;

(৪) ‘তহবিল’ অর্থ ধারা ১৮ এ বর্ণিত তহবিল;

(৫) ‘নির্ধারিত’ অর্থ প্রবিধান দ্বারা নির্ধারিত;

(৬) ‘পরিচালক’ অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের পরিচালক;

(৭) ‘প্রবিধান’ অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৮) ‘বিধি’ অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৯) 'বোর্ড' অর্থ ধারা ৬ এর অধীন গঠিত পরিচালনা বোর্ড;

(১০) 'শিশু' অর্থ শিশু আইন, ২০১৩ (২০১৩ সনের ২৪ নং আইন) তে সংজ্ঞায়িত শিশু;

(১১) 'সদস্য' অর্থ পরিচালনা বোর্ডের সদস্য;

(১২) 'স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান' অর্থ বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান যাহার চিকিৎসা শাস্ত্রে স্নাতক বা স্নাতকোত্তর কোর্সের স্বীকৃতি প্রদানের আইনগত ক্ষমতা রহিয়াছে;

(১৩) 'হাসপাতাল' অর্থ হাসপাতাল ও ইনস্টিটিউটের স্বাস্থ্যসেবা প্রদানকারী ইউনিট;

(১৪) 'হাসপাতাল ও ইনস্টিটিউট' অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট।

**হাসপাতাল ও ইনস্টিটিউট প্রতিষ্ঠা**

৩। (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে ঢাকার শেরে বাংলা নগরে প্রতিষ্ঠিত ঢাকা শিশু হাসপাতাল ও বাংলাদেশ ইনস্টিটিউট অব চাইল্ড হেলথ, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট নামে অভিহিত হইবে এবং উহা এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) হাসপাতাল ও ইনস্টিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং হাসপাতাল ও ইনস্টিটিউট উহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**প্রধান কার্যালয়, শাখা কার্যালয়**

৪। হাসপাতাল ও ইনস্টিটিউটের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে; তবে বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, হাসপাতাল ও ইনস্টিটিউটের শাখা কার্যালয় স্থাপন ও পরিচালনা করিতে পারিবে।

**হাসপাতাল ও ইনস্টিটিউটের কার্যাবলি**

৫। হাসপাতাল ও ইনস্টিটিউটের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) হাসপাতালের বহির্বিভাগ ও অন্তঃবিভাগ পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও এতদ্‌সংশ্লিষ্ট অন্য কোনো কার্য সম্পাদন;

(খ) শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে, শিশু চিকিৎসা বিষয়ে, শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ;

(গ) শিশু স্বাস্থ্য ও পুষ্টি এবং চিকিৎসা বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান বা সংস্থার সহিত যৌথভাবে শিক্ষা বা গবেষণা কর্মসূচি গ্রহণ;

(ঘ) নার্সিং বিষয়ে শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণামূলক কার্যক্রম গ্রহণ;

(ঙ) শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে গবেষণাকর্ম, পুস্তক, জার্নাল বা সাময়িকী প্রকাশ;

(চ) শিশু স্বাস্থ্য সেবার মানোন্নয়নের জন্য কমিউনিটিভিত্তিক প্রশিক্ষণ প্রদান ও এতদ্‌সংশ্লিষ্ট একাডেমিক কর্মসূচি গ্রহণ;

(ছ) অস্বচ্ছল পরিবারের মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে হাসপাতালের অন্তঃবিভাগে অন্যূন ত্রিশ শতাংশ শয্যা বিনামূল্যে বরাদ্দ প্রদান;

(জ) কোনো রোগ প্রতিরোধের টিকা (ভ্যাকসিন) বা অন্য কোনো প্রতিরোধমূলক স্বাস্থ্য সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ;

(ঝ) শিশু স্বাস্থ্য, পুষ্টি বা চিকিৎসা সংক্রান্ত বিষয়ের উপর জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, সম্মেলন, কর্মশালা বা প্রশিক্ষণ আয়োজন ও পরিচালনা;

(ঞ) পরিবার পরিকল্পনা বিষয়ে প্রয়োজনীয় সেবা ও কার্যক্রম গ্রহণ;

(ট) শিশুর শারীরিক ও মানসিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ধরনের পরীক্ষাগার, ব্যায়ামাগার এবং শিশু কর্নার পরিচালনা;

(ঠ) ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত গবেষণাকার্য সমাপ্ত করিয়াছেন এমন ব্যক্তিকে সম্মাননা বা স্বীকৃতি প্রদান;

(ড) শিশু চিকিৎসা ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য কোনো ব্যক্তিকে সম্মাননা প্রদান;

(ঢ) প্রতিবন্ধী শিশুদের বিশেষ পদ্ধতি বা ব্যবস্থায় চিকিৎসা সেবা প্রদান এবং এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা;

(ণ) সরকার কর্তৃক নির্ধারিত অন্য কোনো কার্য।

**পরিচালনা বোর্ড**

৬। (১) হাসপাতাল ও ইনস্টিটিউট পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত একটি পরিচালনা বোর্ড থাকিবে, যথা:—

(ক) সরকার কর্তৃক মনোনীত, জাতীয়ভাবে সুনাম অর্জনকারী চিকিৎসা বিষয়ে একজন জ্যেষ্ঠ অধ্যাপক; যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) সরকার কর্তৃক মনোনীত জাতীয়ভাবে সুনাম অর্জনকারী একজন বিশিষ্ট নাগরিক;

(গ) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত শিশু স্বাস্থ্য বিষয়ের একজন অধ্যাপক;

(ঘ) স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(চ) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত একজন যুগ্মসচিব;

(ছ) অ্যাটর্নি জেনারেল কর্তৃক মনোনীত একজন অন্যূন ডেপুটি অ্যাটর্নি জেনারেল;

(জ) স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (হাসপাতাল);

(ঝ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক মনোনীত একজন সদস্য;

(ঞ) সরকার কর্তৃক মনোনীত ইনস্টিটিউটের একজন অধ্যাপক ও একজন সহযোগী অধ্যাপক;

(ট) সরকার কর্তৃক মনোনীত শিশু স্বাস্থ্য বিষয়ে অভিজ্ঞ খ্যাতনামা একজন চিকিৎসক;

(ঠ) বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি;

(ড) হাসপাতাল ও ইনস্টিটিউটের পরিচালক, যিনি ইহার সাচিবিক দায়িত্বও পালন করিবেন।

(২) বোর্ডের সভাপতি এবং দফা (খ), (ট) ও (ঠ) এ উল্লিখিত সদস্য, মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য স্বীয় পদে বহাল থাকিবেন।

(৩) সভাপতি ও বোর্ডের মনোনীত কোনো সদস্য সরকার বরাবর স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন; তবে সরকার কর্তৃক পদত্যাগপত্র গৃহীত না হওয়া পর্যন্ত এই পদত্যাগ কার্যকর হইবে না; তাহা ছাড়া সরকার, প্রয়োজনবোধে, যেকোনো সময়, আত্মপক্ষ সমর্থনের সুযোগ প্রদান করিয়া, সভাপতি ও সদস্যের মনোনয়ন বাতিল করিতে পারিবে।

(৪) বোর্ড, প্রয়োজনবোধে, সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ কোনো একজন ব্যক্তিকে বোর্ডের সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে, তবে কো-অপ্ট সদস্যের কোনো ভোটাধিকার থাকিবে না।

(৫) কোনো কারণে সভাপতি তাহার দায়িত্ব পালনে অক্ষম হইলে বা সভাপতির পদ শূন্য হইলে, সভাপতি দায়িত্ব পালনে সক্ষম না হওয়া পর্যন্ত বা শূন্য পদে নূতন সভাপতি নিয়োগপ্রাপ্ত না হওয়া পর্যন্ত সরকার বোর্ডের একজন জ্যেষ্ঠ সদস্যকে সভাপতির দায়িত্ব পালনের আদেশ প্রদান করিবেন; তবে এইরূপ আদেশের মেয়াদ ৬ (ছয়) মাসের অধিক হইবে না।

(৬) সভাপতি শারীরিক, মানসিক বা অন্য কোনো কারণে একাধারে ৬ (ছয়) মাস দায়িত্ব পালনে অক্ষম হইলে, তাহার পদ শূন্য হইবে এবং শূন্য পদে নূতন সভাপতি নিয়োগ করিতে হইবে।

(৭) কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

(৮) কোনো ব্যক্তি একাধারে ২ (দুই) মেয়াদের বেশি সভাপতি পদে নিয়োগের জন্য যোগ্য হইবেন না।

**পরিচালনা বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি**

৭।পরিচালনা বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) ধারা ৫ বা এই আইনের অন্য কোনো বিধানে বর্ণিত হাসপাতাল ও ইনস্টিটিউটের কার্যাবলি বাস্তবায়নে তদারকি;

(খ) হাসপাতাল ও ইনস্টিটিউটের বাজেট অনুমোদন;

(গ) হাসপাতাল ও ইনস্টিটিউটের প্রশাসনিক, অর্থনৈতিক, শিক্ষা বিষয়ক নীতিমালা প্রণয়ন ও অনুমোদন;

(ঘ) সরকারের, পূর্বানুমোদনক্রমে, হাসপাতাল ও ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামো অনুমোদন, পদসৃজন, পদনাম পরিবর্তন বা পদ বিলুপ্তকরণ;

(ঙ) প্রবিধানে বর্ণিত বিধান অনুযায়ী হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষক, চিকিৎসক, নার্স বা কর্মচারী পদে নিয়োগ, পদোন্নতি এবং এতদ্‌সংক্রান্ত নির্ধারিত অন্য কোনো কার্য সম্পাদন;

(চ) প্রবিধানে বর্ণিত বিধান অনুযায়ী হাসপাতাল ও ইনস্টিটিউটের শিক্ষক, চিকিৎসক, নার্স, কর্মচারীর বেতন-ভাতা বা আর্থিক অন্য কোনো সুবিধা নির্ধারণ;